



WILDLIFE CONSERVATION [INTRODUCTION]

ZOOLOGY GENERAL

(Paper G-CC-T-02)

2ND SEMESTER

Submitted by- SANGITA BASAK

Department Of Zoology

Krishnath College, Berhampore

8.1 সংরক্ষণ (Conservation)

বিজ্ঞানী Odum (1972) মতানুযায়ী “সংরক্ষণ হল এমন একটি পদ্ধতি যার মাধ্যমে পৃথিবীর প্রাকৃতিক সম্পদের বৈজ্ঞানিক ব্যবহার, রক্ষণাবেক্ষণ ও পরিচালন ব্যবস্থা সুষ্ঠুরূপে সম্পাদিত হয় এবং এই প্রাকৃতিক সম্পদকে ক্ষতিকারক প্রভাব, অপব্যবহার এবং ধ্বংস থেকে রক্ষা করা যায়।

■ সংরক্ষণের উদ্দেশ্য (Objectives of Conservation) :

- (i) প্রাকৃতিক সম্পদের যথাযথ ব্যবহার, সুরক্ষা এবং পরিচালন।
- (ii) বাস্তবতন্ত্রের ভারসাম্য নিয়ন্ত্রণ রাখা।
- (iii) প্রাণী ও উদ্ভিদের অস্তিত্ব বজায় রাখা।
- (iv) জেনেটিক বৈচিত্র্য সংরক্ষণ করা।
- (v) প্রাকৃতিক Life-supporting system-এর ধারাবাহিকতা ব্যবহার করা।

8.2 বন্যপ্রাণী সংরক্ষণ (Conservation of Wildlife)

বন্য প্রাণী সম্পদের রক্ষণাবেক্ষণ, পরিচালন ও ব্যবহারকে বোঝায় যা শুধু বর্তমান প্রজন্মের প্রয়োজন মেটানোর সঙ্গে সঙ্গে ভবিষ্যৎ প্রজন্মের ব্যবহারের মতো যথেষ্ট পরিমাণে বন্য প্রাণী সম্পদ সংরক্ষণকে বন্য প্রাণী সংরক্ষণ বলে।

■ বন্যপ্রাণী সংরক্ষণের উদ্দেশ্য (Purpose of Wildlife Conservation) :

- (i) বন ও বন্যপ্রাণী সম্পদের যোগ্য পরিমিত ব্যবহার।
- (ii) প্রাকৃতিক Life-support system-এর ধারাবাহিকতা বজায় রাখা।
- (iii) প্রাকৃতিক জীব সমষ্টিকে অক্ষুণ্ণ রাখা।
- (iv) সর্বস্তরের জীবের কল্যাণসাধন ও নিরাপত্তা।
- (v) জাতীয় সম্পদ ও সংস্কৃতির পুনরুদ্ধার।

■ বন্যপ্রাণীর সংরক্ষণ কৌশল (Strategies of Wildlife Conservation) :

- ① এক্সসিটু (Ex-situ) এবং ইনসিটু (In-situ) সংরক্ষণ পদ্ধতিতে গুরুত্বপূর্ণ প্রাণীদের রক্ষা করা।
- ② প্রাণীদের বসবাসের উপযুক্ত পরিবেশকে সংরক্ষণ করা যাতে প্রাণীদের বৃদ্ধি এবং সংখ্যা বৃদ্ধি ঘটে।
- ③ বন্যপ্রাণী সংরক্ষণের ক্ষেত্রে সর্বপ্রথম Endangered প্রাণীকে গুরুত্ব দিতে হবে তারপর Vulnerable এবং Rare প্রাণীকে গুরুত্ব দিতে হবে।
- ④ প্রাণীদের জীবনধারণের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ উপাদান, বাতাস, জল, মাটিকে দূষণের হাত থেকে রক্ষা করতে হবে।
- ⑤ আইন করে বন্যপ্রাণী হত্যা করা বন্ধ করতে হবে।
- ⑥ পরিযায়ী প্রাণীদের বাসস্থান রক্ষা করতে হবে।
- ⑦ আইন করে মৃত বন্যপ্রাণীর চামড়া, দাঁত প্রভৃতি জিনিস কেনা বেচা বন্ধ করতে হবে।

- ⑧ বন্যপ্রাণীর গুরুত্ব সম্পর্কে মানুষজনকে শিক্ষিত করে তুলতে হবে যাতে তারা বন্য প্রাণীদের সংরক্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।
- ⑨ অরণ্যে মিষ্টি জলের ভাণ্ডার তৈরি করতে হবে।
- ⑩ বন্যপ্রাণীর সুস্বাস্থ্যের জন্য প্রতিষেধক টিকা প্রদানের ব্যবস্থা করতে হবে।
- ⑪ বনাঞ্চলের মধ্য দিয়ে পাকারাস্তা বা রেললাইন তৈরি বন্ধ করা।
- ⑫ বনাঞ্চলের কাছে শহর এবং কলকারখানা যেন গড়ে না ওঠে সেদিকে লক্ষ রাখা।
- ⑬ বন সংরক্ষণের জন্য নজরদারি বাড়ানো।
- ⑭ প্রাণীদের খাদ্যের জন্য উদ্ভিদের সংখ্যা বাড়াতে হবে।

■ বন্যপ্রাণী সংরক্ষণের গুরুত্ব (Importance of Wildlife Conservation) :

❶ বন্যপ্রাণীর জৈবিক গুরুত্ব (Biological Importance of Wildlife) :

- পরাগমিলনে পাখি ও মৌমাছি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।
- ফল ও বীজের বিস্তারে পাখিরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।
- পাখিরা পেষ্ট ও ইঁদুর ভক্ষণ করে শস্যকে ক্ষতির হাত থেকে রক্ষা করে।
- বিভিন্ন অণুজীব মাটিতে মিশ্রিত পেস্টিসাইডকে ভেঙে দ্রুত সরল আকারে পরিণত করে এবং দূষণের হাত থেকে পরিবেশকে রক্ষা করে।

❷ গবেষণা কার্যে বন্যপ্রাণীর প্রয়োজনীয়তা (Importances of Wildlife in Research Work) :

- চিকিৎসাবিদ্যা ও প্রাণীবিদ্যা বিভাগের বিভিন্ন শাখায় বন্যপ্রাণী নিয়ে গবেষণা অনেক দিন ধরে চলে আসছে।
- বিভিন্ন ওষুধের গুণাগুণ প্রথম বন্যপ্রাণীর ওপর প্রয়োগ করা হয়।

❸ সাহিত্য, শিল্প ও সংস্কৃতিতে বন্যপ্রাণীর গুরুত্ব (Aesthetic and Cultural Importance of Wildlife) :

- সাহিত্য, শিল্প ও সংস্কৃতির সঙ্গে বন্যপ্রাণীর একটি গুরুত্বপূর্ণ সম্পর্ক আছে।
- বন্যপ্রাণীকে কেন্দ্র করে শিশু সাহিত্য গড়ে উঠেছে।
 - বিভিন্ন ভাস্কর্য শিল্প ও চিত্রাঙ্কনে বন্যপ্রাণীর চিত্র দেখা যায়।
 - বিভিন্ন দেব-দেবীর বাহন রূপে বন্যপ্রাণীকে লক্ষ করা যায়।
 - বন্যপ্রাণীর সৌন্দর্য থেকে বিভিন্ন শিল্পী ও সাহিত্যিক তাদের লেখার প্রেরণা পান।

❹ দেশের অর্থনীতিকে সুদৃঢ় করার ক্ষেত্রে বন্যপ্রাণীর গুরুত্ব (Importance of Wildlife for Upliftment of Countries Economy) :

- মৃত বন্যপশুর চামড়া এবং স্টাফড অবস্থায় বন্যপ্রাণীর দেহ বিক্রয়ের মাধ্যমে প্রচুর বৈদেশিক মুদ্রা আয় করা যায়।
- চিড়িয়াখানা, জাতীয় পার্ক এবং অভয়ারণ্য ইত্যাদি দেখার জন্য প্রচুর মানুষ সেখানে যায় এর ফলে সেখান থেকে প্রচুর অর্থ আয় হয়।
- আমাদের দেশের পর্যাপ্ত প্রাণী বিদেশে রপ্তানি করে প্রচুর বিদেশি মুদ্রা আয় হয়।

❺ প্রাকৃতিক ভারসাম্য বজায়ের ক্ষেত্রে বন্যপ্রাণীর গুরুত্ব (Importance of Wildlife in Ecological Balance) :

- উদ্ভিদ, প্রাণী ও অণুজীবদের মধ্যে একটি পারস্পরিক আন্তঃসম্পর্ক বর্তমান, যার ফলে প্রাকৃতিক ভারসাম্য বজায় থাকে, কোনো কারণে এই প্রাকৃতিক ভারসাম্য বিঘ্নিত হলে মনুষ্য সমাজের ওপর তার সুদূর প্রসারী প্রভাব পড়ে।
- কোনো বাস্তুতন্ত্রে খাদ্য-খাদকের সম্পর্কের ওপর ভিত্তি করে সেখানকার খাদ্য শৃঙ্খল গড়ে ওঠে। খাদ্য-খাদকের কোনো একটির সংখ্যা হ্রাস বা বৃদ্ধির ফলে সেখানকার প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হয়।

■ বন্যপ্রাণী সংরক্ষণের পদ্ধতি (Method of Wildlife Conservation) :

বন্যপ্রাণী সংরক্ষণের পদ্ধতিগুলি নিচে হকের সাহায্যে দেখানো হল।

